

Tuesday, June 06, 2023

# NEWAGE

## Science museum observes environment day



The National Museum of Science and Technology organises a rally of children on its premises on Monday marking World Environment Day. — Press release

The National Museum of Science and Technology organised a children's rally, environment awareness meeting and science lecture on environment on Monday on the occasion of World Environment Day.

Mohammad Munir Chowdhury, director general of the science museum, said, 'Science-based awareness should be created so that children can know about the harmful aspects of plastic-polythene use. All school campuses should be made polythene free. Avoid storing food and water in plastic bottles or containers.'

On this occasion, students were gifted beautiful bags made of jute and an oath taking ceremony was organised to encourage the use of jute bags, said a press release.



## বিজ্ঞান জাদুঘরের পরিবেশ দিবসে পাটের ব্যাগ উপহার

অর্থনৈতিক প্রতিবেদক ▶▶

আজ (৫ জুন, ২০২৩) বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে এক শিশু-কিশোর সমাবেশ, পরিবেশ উদ্ভুদ্ধকরণ সভা ও পরিবেশ বিষয়ক বিজ্ঞান বক্তৃতার আয়োজন করা হয়। ‘প্লাস্টিক-পলিথিন বর্জন করবো, পাটের ব্যাগ ব্যবহার করবো’-এ শিরোনামে আজ এ কর্মসূচি পালন করা হয়। এতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় শতাধিক শিশু-কিশোর শিক্ষার্থী ও শিক্ষক অংশগ্রহণ করে। অনুষ্ঠানে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী বলেন, “শিশুরা যেন প্লাস্টিক-পলিথিন ব্যবহারের ক্ষতির দিক সম্পর্কে জানতে পারে, সে বিষয়ে বিজ্ঞানভিত্তিক সচেতনতা তৈরি করতে হবে। সকল স্কুল ক্যাম্পাসকে পলিথিন মুক্ত রাখতে হবে। প্লাস্টিকের বোতলে কিংবা পাত্রে খাবার পানি

ও খাদ্য দ্রব্য সংরক্ষণ পরিহার করতে হবে। বোতল থেকে সরাসরি পানি খাওয়া বর্জন করতে হবে। বোতল থেকে পানি জগে বা গ্লাসে ঢেলে খাওয়া নিরাপদ। নির্বিচারে প্লাস্টিক-পলিথিন যত্রতত্র ফেলায় কৃষি জমিতে, পুকুরে, জলাশয়ে ও বিস্তীর্ণ জনপদে মাইক্রোপ্লাস্টিক ছড়িয়ে যাচ্ছে, যা ক্যান্সার রোগের ঝুঁকি তৈরি করছে। শিক্ষা প্রতিষ্ঠান থেকে ব্যাপক শিক্ষামূলক কর্মসূচি দিয়ে প্লাস্টিক-পলিথিন বিরোধী চেতনা তৈরি করতে হবে।”

এ উপলক্ষে বিজ্ঞান জাদুঘর থেকে শিক্ষার্থীদের হাতে পাটের তৈরী দৃষ্টিনন্দন ব্যাগ উপহার দেয়া হয় এবং পাটের ব্যাগ ব্যবহারে উদ্ভুদ্ধ করতে এক শপথ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপহার পাওয়া পাটের ব্যাগ নিয়ে শিক্ষার্থীরা শপথ বাক্য উচ্চারণ করে- “প্লাস্টিক-পলিথিন বর্জন করবো, / পাটের ব্যাগ ব্যবহার করবো। পরিবেশ সুরক্ষা নিশ্চিত করবো, / বাংলাদেশকে দূষণমুক্ত রাখবো”

# প্রতিদিনের সংবাদ

মঙ্গলবার, ০৬ জুন ২০২৩, ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০



## পরিবেশ দিবসে পাটের ব্যাগ উপহার বিজ্ঞান জাদুঘরের

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে রবিবার (৫ জুন) এক শিশু-কিশোর সমাবেশ, পরিবেশ উদ্ভুদ্ধকরণ সভা ও পরিবেশবিষয়ক বিজ্ঞান বক্তৃতার আয়োজন করা হয়। 'প্লাস্টিক-পলিথিন বর্জন করব, পাটের ব্যাগ ব্যবহার করব' শিরোনামে সোমবার (৫ জুন) এ কর্মসূচি পালন করা হয়। এতে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় শতাধিক শিশু-কিশোর শিক্ষার্থী ও শিক্ষক অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী বলেন, 'শিশুরা যেন প্লাস্টিক-পলিথিন ব্যবহারের ক্ষতির দিক সম্পর্কে জানতে পারে, সে বিষয়ে বিজ্ঞানভিত্তিক সচেতনতা তৈরি করতে হবে। সব স্কুল ক্যাম্পাসকে পলিথিনমুক্ত রাখতে হবে। প্লাস্টিকের বোতলে কিংবা পাত্রে খাবার পানি ও খাদ্যদ্রব্য সংরক্ষণ পরিহার করতে হবে। বোতল থেকে সরাসরি পানি খাওয়া বর্জন করতে হবে। বোতল থেকে পানি জগে বা গ্লাসে ঢেলে খাওয়া নিরাপদ। নির্বিচারে প্লাস্টিক-পলিথিন যত্রতত্র ফেলায় কৃষিজমিতে, পুকুরে, জলাশয়ে ও বিস্তীর্ণ জনপদে মাইক্রোপ্লাস্টিক ছড়িয়ে যাচ্ছে, যা ক্যানসার রোগের ঝুঁকি তৈরি করছে। শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ব্যাপক শিক্ষামূলক কর্মসূচি দিয়ে প্লাস্টিক-পলিথিনবিরোধী চেতনা তৈরি করতে হবে।' এ উপলক্ষে বিজ্ঞান জাদুঘর থেকে শিক্ষার্থীদের হাতে পাটের তৈরি দৃষ্টিনন্দন ব্যাগ উপহার দেওয়া হয় এবং পাটের ব্যাগ ব্যবহারে উদ্ভুদ্ধ করতে এক শপথ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সংবাদ বিজ্ঞপ্তি।